গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
www.fid.gov.bd

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা/প্রকল্পের ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন এবং উন্নয়ন) প্রণয়ন বিষয়ক বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী

সভাপতি : নাজমা মোবারেক, সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
সভার স্থান : সভাকক্ষ (কক্ষ নং- ৩৩১, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)
তারিখ ও সময় : ৯ নভেম্বর ২০২৫, বেলা ১২:০০ টা
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে জানান যে, অর্থ বিভাগ কর্তৃক মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বাজেট (পরিচালন ও উন্নয়ন) এর প্রাক্কলন প্রণয়ন সংক্রান্ত বাজেট পরিপত্র জারি করা হয়েছে। উক্ত পরিপত্রে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) প্রণয়ন সংক্রান্ত তথ্যাদি বিস্তারিতভাবে পর্যালোচনাপূর্বক বিএমসি কর্তৃক অনুমোদন করে ৯.১১.২০২৫ তারিখের মধ্যে অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। অতঃপর উপসচিব (বাজেট) পরিপত্রের নির্দেশনা মোতাবেক এ বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সংশোধিত বাজেট প্রাক্কলন সংক্রান্ত তথ্যাদি আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থাপন করেন।

মন্ত্রণালয়/বিভাগসমূহের আয় ও ব্যয়সীমা: আর্থিক প্রতিষ্ঠান বিভাগের জন্য ২০২৫-২৬ অর্থবছরে ব্যয় বরাদ্দ ও রাজস্ব প্রাপ্তির সংশোধিত লক্ষ্যমাত্রা নিম্নরূপ:

(অংকসমূহ হাজার টাকায়)

ব্যয়ের প্রাক্কলন			**রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন**		
বাজেট ২০২৫-২৬	সংশোধিত প্রস্তাব ২০২৫-২৬	**হ্রাস/বৃদ্ধি**	বাজেট ২০২৫-২৬	সংশোধিত প্রস্তাব ২০২৫-২৬	**হ্রাস/বৃদ্ধি**
৩৫২১,০০,০০	৩৭২৫,৯৬,৪২.৯	+২০৪,৯৬,৪২.৯	৮৬২৫,১১,০০	১৪৭২৫,৮৬,৮৪	+৬১০০,৭৫,৮৪

ব্যয়ের সংশোধিত প্রাক্কলন: সামগ্রিকভাবে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২৫-২৬ অর্থবছরে সংশোধিত বাজেটের প্রস্তাব নিম্নরূপভাবে করা হয়েছে:

(অংকসমূহ হাজার টাকায়)

খাতভিত্তিক বিভাজন	**প্রকৃত ব্যয়**		**২০২৫-২৬**		**হ্রাস/বৃদ্ধি**
	২০২৪	**২০২৫-২৬ ১ম ৪ মাস**	**বাজেট**	**সংশোধিত প্রস্তাব**	
১	২	৩	৪	৫	৬
সচিবালয় অংশ	১৩,০৯,৭০	৫,৫১,৪৩	১৬,৫০,৪০	১৬,৯৯,৭০	৪৯,৩০
সহায়তা অংশ	৬৮,৭২,০৩	২১,৪৭,৫৫	৭৩,১৩,৬০	৮৯,৮৩,৬০	১৬,৭০,০০
মোট পরিচালন	**৮১,৮১,৭৩**	**২৬,৯৮,৯৮**	**৮৯,৬৪,০০**	**১০৬,৮৩,৩০**	**১৭,১৯,৩০**
এডিপি প্রকল্প + থোক বরাদ্দ	২৩০,৬০,৬০.৪	২,৬৩,৩৪.০৪	২৫৭,৩৬,০০	২০০,৭৭,৭৭.৯	-৫৬,৫৮,২২
নন-এডিপি প্রকল্প	৩২৭৮,৭১,৬৭	১০৫১,২২,১১	৩১৭৪,০০,০০	৩৪১৮,৩৫,৩৫	২৪৪,৩৫,৩৫
মোট উন্নয়ন	**৩৫০৯,৩২,২৭.৪**	**১০৫১,২২,১১**	**৩৪৩১,৩৬,০০**	**৩৬১৯,১৩,১২.৯**	**১৮৭,৭৭,১২.৯**
সর্বমোট=	**৩৫৯১,১৪,০০.৪**	**১০৭৮,২১,০৯**	**৩৫২১,০০,০০**	**৩৭২৫,৯৬,৪২.৯**	**২০৪,৯৬,৪২.৯**

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং এর আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা কর্তৃক প্রস্তাবিত সংশোধিত ব্যয়সীমা ও রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা অর্থবিভাগে প্রেরণের লক্ষ্যে চূড়ান্তকরণের জন্য সভায় নিম্নোক্ত তথ্যাদি উপস্থাপন করা হয়ঃ

১. পরিচালন ব্যয়: পরিচালন খাতে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ব্যয় বরাদ্দ নিম্নরূপ:

১.১. সচিবালয়:

(অংকসমূহ হাজার টাকায়)

খাতভিত্তিক বিভাজন	প্রকৃত ব্যয়		২০২৫-২৬		হ্রাস/বৃদ্ধি
	২০২৪	২০২৫-২৬ ১ম ৪ মাস	বাজেট	সংশোধিত প্রস্তাব	
১	২	৩	৪	৫	৬= (৫-৪)
কর্মচারীদের প্রতিদান					
বেতন	৪,১৮,৫২	১,৭৩,৩২	৪,৯৬,০০	৫,২১,০০	২৫,০০
ভাতাদি	৩,১০,৫৬	১,২০,০৭	৩,৮৫,৫০	৪,১৮,০০	৩২,৫০
উপমোট কর্মচারীদের প্রতিদান	**৭,২৯,০৮**	**২,৯৩,৩৯**	**৮,৮১,৫০**	**৯,৩৯,০০**	**৫৭,৫০**
পণ্য ও সেবার ব্যবহার					
প্রশাসনিক ব্যয়	৬৮,৫৬	১১,২১	৯০,০০	৯৩,৪০	৪০
প্রশিক্ষণ	৫০,২৯	১৭,৫৩	৭০,০০	৭৫,০০	৫,০০
পেট্রোল অয়েল ও লুব্রিকেন্ট	৫,২১	২,৮৬	১৫,০০	১৬,০০	১,০০
ভ্রমণ ও বদলী	৯,৩০	১,৬৩	২১,০০	২১,০০	০
মুদ্রণ ও মনিহারি	৪৬,১৯	৭,৩৬	৪৯,৭০	৪৯,৭০	০
পোশাক	২,৬৩	৩০	৫,০০	৫,০০	০
পেশাগত সেবা সম্মানী ও বিশেষ ব্যয়	১৮,৭৭	৮৫	১,০০,৩০	৯৪,৩০	-৯,০০
মেরামত ও সংরক্ষণ	২,৭৩,০৫	৪৫,৬৪	১,৮০,৫০	১,৮০,৫০	০
পণ্য ও সেবার ব্যবহার	**৪,৭৪,০০**	**৮৭,৩৮**	**৫,৩১,৫০**	**৫,৩৬,৯০**	**-২,৬০**
সাধারণ থোক বরাদ্দ	০	০	৫,৬০	০	-৫,৬০
অ-আর্থিক সম্পদ	১,০৬,৬২	১,৭০,৬৬	২,৩১,৮০	২,৩১,৮০	০
মোট সচিবালয়	**১৩,০৯,৭০**	**৫,৫১,৪৩**	**১৬,৫০,৪০**	**১৬,৯৯,৭০**	**৪৯,৩০**

আলোচনা ও সিদ্ধান্ত:

কর্মচারীদের প্রতিদান অংশে বেতন-ভাতা বাবদ বর্তমানে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের খরচ বিবেচনায় মোট ৫৭ লক্ষ ৭০ হাজার টাকা বাড়ানোর বিষয়ে আলোচনা হয়। উল্লেখ্য, এ বিভাগের ২জন প্রশাসনিক কর্মকর্তার বেতন পূনঃনির্ধারণজনিত কারণে তাদের অনুকূলে প্রায় ২২ লক্ষ টাকা বকেয়া পরিশোধ করা হয়েছে। পণ্য ও সেবার ব্যবহার অংশে চাহিদা ও বাস্তবায়নের সম্ভাবনার নিরিখে ২ লক্ষ ৬০ হাজার টাকা কমানোর প্রস্তাব করা হয়েছে। এছাড়া অ-আর্থিক সম্পদ খাতের বরাদ্দ অপরিবর্তিত রাখার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উল্লেখ্য, এ বিভাগের সচিবালয় অংশে ২০২৫-২৬ অর্থবছরে বরাদ্দকৃত মূল বাজেট হতে সংশোধিত প্রস্তাবে ৪৯ লক্ষ ৩০ হাজার টাকা অতিরিক্ত বরাদ্দ প্রস্তাব করা হয়েছে, যা অধিকাংশই বেতন ভাতা অংশের অন্তর্ভুক্ত। বিস্তারিত আলোচনা শেষে এ বিভাগের সচিবালয় অংশে বরাদ্দকৃত বাজেট ৪৯ লক্ষ ৩০ হাজার টাকা বাড়িয়ে মোট ১৬ কোটি ৯৯ লক্ষ ৭০ হাজার টাকা করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। সচিবালয় অংশের বিস্তারিত বিভাজন সংযুক্ত করা হলো (**সংযুক্তি-১**)।

১.২. স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান:

(অংকসমূহ হাজার টাকায়)

গ্রুপকোডভিত্তিক বিভাজন		প্রকৃত ব্যয়		বাজেট ২০২৫-২৬	সংশোধিত ২০২৫-২৬	হ্রাস /বৃদ্ধি
		২০২৪-২৫	২০২৫-২৬ ১ম ৪মাস			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭=৬-৫)
বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)						
৩৬৩১১০১	বেতন বাবদ সহায়তা	৩,১১,৭০	১,০৫,০২	৩,৩১,০০	৩,২৮,৫০	-২,৫০
৩৬৩১১০২	ভাতাদি বাবদ সহায়তা	২,৯৮,৯৫	৭৬,১৫	৩,১৮,০০	২,৯৫,১০	-২২,৯০
৩৬৩১১০৩	পণ্য ও সেবা বাবদ সহায়তা	৪,৩৩,৮৪	১,৩৮,৫৭	৪,৭৯,৬০	৫,০১,০০	২১,৪০
৩৬৩১১০৮	গবেষণা অনুদান	৪,০০	১	৮,০০	৮,০০	০
৩৬৩১১০৯	প্রাথমিক স্বাস্থ্যসেবা বাবদ সহায়তা	০	০	১,০০	৫০	-৫০
	আবর্তক অনুদান	**১০,৪৮,৪৯**	**৩,১৯,৭৫**	**১১,৩৭,৬০**	**১১,৩৩,১০**	**-৪,৫০**

(অংকসমূহ হাজার টাকায়)

গ্রুপকোডভিত্তিক বিভাজন		প্রকৃত ব্যয়		বাজেট ২০২৫-২৬	সংশোধিত ২০২৫-২৬	হ্রাস /বৃদ্ধি
		২০২৪-২৫	২০২৫-২৬ ১ম ৪মাস			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭=৬-৫)
৩৬৩২১০২	যন্ত্রপাতি অনুদান	১৭,০০	৪,০৮	৯,০০	১৩,৫০	৪,৫০
৩৬৩২১০৩	যানবাহন বাবদ অনুদান	৪৫,০০	০	০	০	০
৩৬৩২১০৫	তথ্য যোগাযোগ প্রযুক্তি অনুদান	২১,০০	২৪	১১,০০	১১,০০	০
৩৬৩২১০৬	অন্যান্য মূলধন অনুদান	২,০০	২৫	২,০০	২,০০	০
	মূলধন অনুদান	**৮৫,০০**	**৪,৫৭**	**২২,০০**	**২৬,৫০**	**৪,৫০**
উপমোট বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট		**১১,৩৩,৪৯**	**৩,২৪,৩২**	**১১,৫৯,৬০**	**১১,৫৯,৬০**	**০**
বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি						
৩৬৩১১০১	বেতন বাবদ সহায়তা	৮৮,৬০	৩৪,৮৭	১,১২,৯০	১,১৫,০০	২,১০
৩৬৩১১০২	ভাতাদি বাবদ সহায়তা	৭১,৭০	২০,৫৫	৮২,৫০	৮০,৮০	-১,৭০
৩৬৩১১০৩	পণ্য ও সেবা বাবদ সহায়তা	৩০,৮০	১০,৩২	২৮,৬০	২৮,২০	-৪০
উপমোট বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি		**১,৯১,১০**	**৬৫,৭৪**	**২,২৪,০০**	**২,২৪,০০**	**০**
সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন						
৩৬৩১১০৭	বিশেষ অনুদান	৫২,৪৭,৪৪	১৬,৮২,৪৯	৫৬,৩০,০০	৭৩,০০,০০	১৬,৭০,০০
উপমোট সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন		**৫২,৪৭,৪৪**	**১৬,৮২,৪৯**	**৫৬,৩০,০০**	**৭৩,০০,০০**	**১৬,৭০,০০**
বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড						
৩৬৩১১০৭	বিশেষ অনুদান	৩,০০,০০	৭৫,০০	৩,০০,০০	৩,০০,০০	০
উপমোট বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড		**৩,৫০,০০**	**৭৫,০০**	**৩,০০,০০**	**৩,০০,০০**	**০**
উপমোট সহায়তা		**৬৮,৭২,০৩**	**২১,৪৭,৫৫**	**৭৩,১৩,৬০**	**৮৯,৮৩,৬০**	**১৬,৭০,০০**

আলোচনা ও সিদ্ধান্ত:

- বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) এর প্রতিনিধি সভাকে জানান যে, বিআইসিএম এর খাতসমূহে আন্ত:সমন্বয় করা হয়েছে তবে মোট বরাদ্দকৃত বাজেট অপরিবর্তিত রয়েছে। ইনস্টিটিউটের নির্বাহী প্রেসিডেন্ট এর জন্য বেতন ভাতাদি খাতে অর্থবছরের শুরু হতে বরাদ্দ রাখা হলেও নিয়োগ প্রক্রিয়া ২ মাস পরে শেষ হওয়ায় বেতন ও ভাতাদি বাবদ সহায়তা খাতে ২৫ লক্ষ ৪০ হাজার টাকা কমানোর প্রস্তাব করা হয়েছে এবং প্রয়োজনের নিরিখে পণ্য ও সেবা বাবদ সহায়তা ২১ লক্ষ ৪০ হাজার টাকা বাড়ানোর প্রস্তাব করা হয়। এছাড়া অন্যান্য খাতে প্রয়োজনীয়তার নিরিখে হ্রাস/বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। সভাপতি বিআইসিএম এর প্রতিনিধিকে তাদের প্রতিষ্ঠানের আয় বাড়ানোর জন্য পদক্ষেপ নেওয়ার নির্দেশনা প্রদান করেন। এবং তাদের চলমান কোর্সসমূহ প্রকৃত সুবিধাভোগী কারা এবং সঠিকভাবে এর প্রয়োগ হচ্ছে কিনা সেটা যাচাই করার জন্য এ বিভাগের যুগ্মসচিব ড. দেলোয়ার হোসেন কে নির্দেশনা প্রদান করেন।
- বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি এবং বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড এর মোট বরাদ্দকৃত বাজেট খাতওয়ারী অপরিবর্তিত রয়েছে।
- এছাড়া সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন এর চলমান RELI প্রকল্পটি চলতি অর্থবছরে সমাপ্ত হবে এবং প্রকল্পের কর্মকর্তা-কর্মচারীগণের ছুটি নগদায়ন বেতন দেওয়ার জন্য অতিরিক্ত ১৬.৭০ কোটি টাকা প্রস্তাব করা হয়েছে।
- বিস্তারিত আলোচনা শেষে এ বিভাগের আওতাধীন স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসমূহের অনুকূলে বরাদ্দকৃত বাজেট ১৬ কোটি ৭০ লক্ষ টাকা বাড়িয়ে মোট ৮৯ কোটি ৮৩ লক্ষ ৬০ হাজার টাকা করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

মোট পরিচালন ব্যয়ঃ

(অংকসমূহ হাজার টাকায়)

খাতভিত্তিক বিভাজন	প্রকৃত ব্যয়		২০২৫-২৬		হ্রাস/বৃদ্ধি
	২০২৪	২০২৫-২৬ ১ম ৪ মাস	বাজেট	সংশোধিত প্রস্তাব	
১	২	৩	৪	৫	৬
সচিবালয় অংশ	১৩,০৯,৭০	৫,৫১,৪৩	১৬,৫০,৪০	১৬,৯৯,৭০	৪৯,৩০
সহায়তা কার্যক্রম অংশ	৬৮,৭২,০৩	২১,৪৭,৫৫	৭৩,১৩,৬০	৮৯,৮৩,৬০	১৬,৭০,০০
মোট পরিচালন	**৮১,৮১,৭৩**	**২৬,৯৮,৯৮**	**৮৯,৬৪,০০**	**১০৬,৮৩,৩০**	**১৭,১৯,৩০**

২. উন্নয়ন প্রকল্প: আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন উন্নয়ন প্রকল্পসমূহের প্রস্তাবিত সংশোধিত বাজেট নিম্নরূপ:

২.১. বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত উন্নয়ন প্রকল্প (ADP):

(অংকসমূহ হাজার টাকায়)

খাতভিত্তিক বিভাজন	প্রকৃত		বাজেট ২০২৫-২৬			সংশোধিত প্রস্তাব ২০২৫-২৬			হ্রাস/বৃদ্ধি
	২০২৪-২৫	১ম ৪ মাস ২০২৫-২৬	জিওবি	আরপিএল/জি (বিশেষ)	মোট	জিওবি	আরপিএল/জি (বিশেষ)	মোট	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০=৯-৬)
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ									
যুমনা নদী টেকসই ব্যবস্থাপনা প্রকল্প-১ দুর্যোগ ঝুঁকি অর্থায়ন (কম্পোনেন্ট-৩)									
আবর্তক ব্যয়	৩৫,৭৪.৫	৫১,৪৯.২৭	১০,১৭,০০	২১,৮০,০০	৩১,৯৭,০০	৪,৫৯,৫০	২১,৫৭,০০	২৬,১৬,৫০	-৫,৮০,৫০
মূলধন ব্যয়	২১,৬৬.৩৫	০	০	০	০	১৩,৫০	০	১৩,৫০	১৩,৫০
উপমোট=	**৫৭,৪০.৮৫**	**৫১,৪৯.২৭**	**১০,১৭,০০**	**২১,৮০,০০**	**৩১,৯৭,০০**	**৪,৭৩,০০**	**২১,৫৭,০০**	**২৬,৩০,০০**	**-৫,৬৭,০০**
বাংলাদেশের বীমা খাত উন্নয়ন প্রকল্প (BISDP)									
আবর্তক ব্যয়	৩০,২৬,২৪.২৯	২,১১,৮৪.৭৭	১০,০৫,০০		১০,০৫,০০	৩৭,৪৫,৫৬.৫৫		৩৭,৪৫,৫৬.৫৫	২৭,৪০,৫৭
মূলধন ব্যয়	১৯৯,৭৬,৯৫.২৬	০	২০,৩২,০০		২০,৩২,০০	১৩৩,৬১,৩৬.৩৫		১৩৩,৬১,৩৬.৩৫	১১৩,২৯,৩৬
উপমোট BISDP=	**২৩০,০৩,১৯.৫৫**	**২,১১,৮৪.৭৭**	**৩০,৩৭,০০**		**৩০,৩৭,০০**	**১৭১,০৬,৯২.৯০**		**১৭১,০৬,৯২.৯০**	**১৪০,৬৯,৯৩**
বাংলাদেশ ব্যাংক									
প্রজেক্ট পিপারেশন এডভান্স ফিন্যান্সিয়াল সেক্টর সাপোর্ট প্রজেক্ট-II (FSSP-II)									
আবর্তক ব্যয়					০		২,৮৩,১৬	২,৮৩,১৬	২,৮৩,১৬
মূলধন ব্যয়					০		৫৭,৬৯	৫৭,৬৯	৫৭,৬৯
উপমোট					**০**		**৩,৪০,৮৫**	**৩,৪০,৮৫**	**৩,৪০,৮৫**
থোক বরাদ্দ					**১৯৫,০২,০০**			**০**	**-১৯৫,০২,০০**
মোট এডিপি	**২৩০,৬০,৬০.৪**	**২,৬৩,৩৪.০৪**	**৪০,৫৪,০০**	**২১,৮০,০০**	**২৫৭,৩৬,০০**	**১৭৫,৭৯,৯২.৯**	**২৪,৯৭,৮৫**	**২০০,৭৭,৭৭.৯**	**-৫৬,৫৮,২২**

আলোচনা ও সিদ্ধান্ত:

- যমুনা রিভার সাসটেইনেবল ম্যানেজমেন্ট প্রোগ্রাম প্রোজেক্ট-১: ডিজাস্টার রিস্ক ফাইন্যান্সিং (কম্পোনেন্ট-৩) এর বাস্তবায়ন এর সম্ভাবনা বিবেচনায় প্রকল্পের মূল বরাদ্দ হতে ৫ কোটি ৬৭ লক্ষ টাকা কমানোর প্রস্তাব করা হয়েছে।
- বাংলাদেশের বীমা খাত উন্নয়ন প্রকল্পের বিভিন্ন প্যাকেজের আওতায় অবশিষ্ট বিল আগামী ডিসেম্বরের মধ্যে পরিশোধের নিমিত্ত মূল বাজেট বরাদ্দ হতে ১৪০ কোটি ৬৯ লক্ষ ৯৬ হাজার টাকা বৃদ্ধির বিষয়ে সভাকে অবহিত করা হয়।
- বাংলাদেশ ব্যাংক কর্তৃক বাস্তবায়নাধীন প্রজেক্ট পিপারেশন এডভান্স ফিন্যান্সিয়াল সেক্টর সাপোর্ট প্রজেক্ট-II (FSSP-II) প্রকল্পটির বিপরীতে মূল বাজেটে বরাদ্দ না থাকলেও প্রকল্পটি ইতোমধ্যে অনুমোদিত হওয়ায় ৩ কোটি ৪০ লক্ষ টাকা সংশোধিত বরাদ্দ রাখার প্রস্তাব করা হয়।
- বিস্তারিত আলোচনা শেষে এ বিভাগের আওতাধীন বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের অনুকূলে বরাদ্দকৃত বাজেট এবং থোক বরাদ্দ সর্বমোট ৫৬ কোটি ৫৮ লক্ষ ২২ হাজার টাকা কমিয়ে মোট ২০০ কোটি ৭৭ লক্ষ ৭৭ হাজার ৯ শত টাকা করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

২.২. বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত উন্নয়ন প্রকল্প (Non-ADP):

(অংকসমূহ হাজার টাকায়)

খাতভিত্তিক বিভাজন	প্রকৃত		বাজেট ২০২৫-২৬	সংশোধিত প্রস্তাব ২০২৫-২৬	হ্রাস/বৃদ্ধি
	২০২৪-২৫	১ম ৪ মাস ২০২৫-২৬	মোট	মোট	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬=৫-৪)
সোস্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (SDF)					
রিসাইলেন্স এন্ট্রিপ্রিনিউয়ারশীপ লাইভলিহুড ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (RELI)	৫৮৬,০৭,১৩	১৪৭,৫৯,৯২	৪৮৭,৭৩,১৪	৪৫০,০০,০০	-৩৭,৭৩,১৪
বাংলাদেশ সাসটেইনেবল রিকভারি, ইমার্জেন্সি প্রিপেয়ার্ডনেস এন্ড রেসপন্স (B-STRONG)	০	০	০	৭০,০০,০০	৭০,০০,০০
বাংলাদেশ ব্যাংক					
আরবান বিল্ডিং সেফটি প্রজেক্ট	৩০,০০,০০	৩,৬৬,০০	৩০,০০,০০	৩০,০০,০০	০

(অংকসমূহ হাজার টাকায়)

খাতভিত্তিক বিভাজন	প্রকৃত		বাজেট ২০২৫-২৬	সংশোধিত প্রস্তাব ২০২৫-২৬	হ্রাস/বৃদ্ধি
	২০২৪-২৫	১ম ৪ মাস ২০২৫-২৬	মোট	মোট	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬=৫-৪)
পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (PKSF)					
রুরাল মাইক্রোএন্টারপ্রাইজ ট্রান্সফরমেশন প্রজেক্ট RMTP-ইফাদ লোন	১১০,০০,০০	০	৪০,০০,০০	৩৬,০০,০০	-৪,০০,০০
রিকভারি এন্ড এডভান্সমেন্ট অফ ইনফরমাল সেক্টর ইমপ্লয়মেন্ট প্রজেক্ট (RAISE)	২৬৮,৭৩,২৩	২১,৬১,২৯	২৫৩,০০,০০	৩৮০,০০,০০	১২৭,০০,০০
বাংলাদেশে রুরাল ওয়াটার, স্যানিটেশন এন্ড হাইজিন ফর হিউম্যান ক্যাপিটাল ডেভেলপমেন্ট প্রজেক্ট (BDRWASH)	৩৯৭,৮৫,৩১	১৩,১৯,১৯	৪৫০,০০,০০	৩৫০,০০,০০	-১০০,০০,০০
মাইক্রোএন্টারপ্রাইজ ফাইন্যান্সিং এন্ড ক্রেডিট এ্যানহেন্সমেন্ট প্রজেক্ট (MFCE)	৫৪১,০০,০০	৪২৬,২৩,০০	৫৬০,০০,০০	৫৪৯,০৮,৪৯	-১০,৯১,৫১
সাসটেইনেবল মাইক্রোএন্টারপ্রাইজ এন্ড রেজিলিয়েন্ট ট্রান্সফরমেশন (SMART)	৬৫০,০০,০০	১২৮,৩৪,২১	৫৫৩,২৬,৮৬	৬৫৩,২৬,৮৬	১০০,০০,০০
মোট পিকেএসএফ	**১৯৬৭,৫৮,৫৪**	**৫৮৯,৩৭,৬৯**	**১৮৫৬,২৬,৮৬**	**১৯৬৮,৩৫,৩৫**	**১১২,০৮,৪৯**
বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (BHBFC)					
রুরাল এন্ড পেরি-আরবান হাউজিং ফিন্যান্স প্রজেক্ট	৬৯৫,০৬,০০	৩১০,৫৮,৫০	৮০০,০০,০০	৯০০,০০,০০	১০০,০০,০০
মোট নন-এডিপি	**৩২৭৮,৭১,৬৭**	**১০৫১,২২,১১**	**৩১৭৪,০০,০০**	**৩৪১৮,৩৫,৩৫**	**২৪৪,৩৫,৩৫**

আলোচনা ও সিদ্ধান্ত:

- সোস্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) কর্তৃক বাস্তবায়নাধীন রিসাইলেন্স এন্ট্রিপ্রিনিউয়ারশীপ লাইভলিহুড ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (RELI) এর বরাদ্দ মূল বাজেট হতে ৩৭ কোটি ৭৩ লক্ষ ১৪ হাজার টাকা কমানোর প্রস্তাব করা হয়েছে। এছাড়া এসডিএফ কর্তৃক বাস্তবায়নাধীন নতুন প্রকল্প বাংলাদেশ সাসটেইনেবল রিকভারি, ইমার্জেন্সি প্রিপেয়ার্ডনেস এন্ড রেসপন্স (B-STRONG) প্রকল্পের অনুকূলে বরাদ্দ ৭০ কোটি টাকা রাখার প্রস্তাব করা হয়েছে।
- আরবান বিল্ডিং সেফটি প্রজেক্ট এর মূল বারদ্দ ৩০ কোটি টাকা অপরিবর্তিত রাখার জন্য প্রস্তাব করা হয়েছে।
- পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) কর্তৃক বাস্তবায়নাধীন ৫টি প্রকল্পসমূহের বিপরীতে মূল বাজেটে সিলিং স্বল্পতার কারণে কম বরাদ্দ রাখা হয়েছিল তাই প্রকল্পসমূহের বাস্তবায়নের সম্ভাবনার নিরিখে পিকেএসএফ এর মোট বরাদ্দ ৪৫৮ কোটি ৮১ লক্ষ ৬৩ টাকা বৃদ্ধির প্রস্তাব করা হয়। উল্লেখ্য, অর্থ বিভাগ কর্তৃক আর্থিক প্রতিষ্ঠান বিভাগকে প্রদত্ত বাজেট সিলিং ঠিক রাখার জন্য ২০২৫-২৬ অর্থবছরের বাজেট প্রণয়নকালে প্রকল্পের চাহিদা বেশি থাকলেও তখন কম বরাদ্দ রাখা হয় এবং পিকেএসএফকে আশ্বস্ত করা হয় যে সংশোধিত বাজেটে চাহিদা অনুযায়ী বরাদ্দ দেয়া হবে। প্রস্তাবিত অতিরিক্ত অর্থ বরাদ্দ দেয়া হলে তা সম্পূর্ণভাবে ব্যয় করা সম্ভব হবে মর্মে প্রকল্পের প্রতিনিধিগণ সভাকে অবহিত করেন।
- বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন রুরাল এন্ড পেরি-আরবান হাউজিং ফাইন্যান্স প্রজেক্ট-দ্বিতীয় পর্যায় প্রকল্পটি ঋণ আবেদন প্রাপ্তি ও প্রকল্প বাস্তবায়নের সম্ভাবনার নিরিখে ১০০ কোটি টাকা বাড়িয়ে মোট ৯০০ কোটি টাকা প্রস্তাব করা হয়েছে।
- বিস্তারিত আলোচনা শেষে এ বিভাগের আওতাধীন বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত উন্নয়ন প্রকল্পসমূহের অনুকূলে বরাদ্দকৃত বাজেট এবং থোক বরাদ্দ সর্বমোট ২৪৪ কোটি ৩৫ লক্ষ ৩৫ হাজার টাকা বৃদ্ধি করে সংশোধিত বরাদ্দ ৩৪১৮ কোটি ৩৫ লক্ষ ৩৫ হাজার টাকা করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

একনজরে উন্নয়ন প্রকল্প:

(অংকসমূহ হাজার টাকায়)

খাতভিত্তিক বিভাজন	প্রকৃত		বাজেট ২০২৫-২৬	সংশোধিত প্রস্তাব ২০২৫-২৬	হ্রাস/বৃদ্ধি
	২০২৪-২৫	১ম ৪ মাস ২০২৫-২৬	মোট	মোট	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬=৫-৪)
মোট এডিপি	২৩০,৬০,৬০.৪	২,৬৩,৩৪.০৪	২৫৭,৩৬,০০	২০০,৭৭,৭৭.৯	-৫৬,৫৮,২২.১
মোট নন-এডিপি	৩২৭৮,৭১,৬৭	১০৫১,২২,১১	৩১৭৪,০০,০০	৩৪১৮,৩৫,৩৫	২৪৪,৩৫,৩৫
মোট উন্নয়ন	**৩৫০৯,৩২,২৭.৪**	**১০৫১,২২,১১**	**৩৪৩১,৩৬,০০**	**৩৬১৯,১৩,১২.৯**	**১৮৭,৭৭,১২.৯**

সার্বিকভাবে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২৫-২৬ অর্থবছরের প্রস্তাবিত সংশোধিত বাজেট এর প্রাক্কলিত প্রস্তাব:

(অংকসমূহ হাজার টাকায়)

খাতভিত্তিক বিভাজন	প্রকৃত ব্যয়		২০২৫-২৬		হ্রাস/বৃদ্ধি
	২০২৪	২০২৫-২৬ ১ম ৪ মাস	বাজেট	সংশোধিত প্রস্তাব	
১	২	৩	৪	৫	৬
সচিবালয় অংশ	১৩,০৯,৭০	৫,৫১,৪৩	১৬,৫০,৪০	১৬,৯৯,৭০	৪৯,৩০
সহায়তা অংশ	৬৮,৭২,০৩	২১,৪৭,৫৫	৭৩,১৩,৬০	৮৯,৮৩,৬০	১৬,৭০,০০
মোট পরিচালন	**৮১,৮১,৭৩**	**২৬,৯৮,৯৮**	**৮৯,৬৪,০০**	**১০৬,৮৩,৩০**	**১৭,১৯,৩০**
এডিপি প্রকল্প + থোক বরাদ্দ	২৩০,৬০,৬০.৪	২,৬৩,৩৪.০৪	২৫৭,৩৬,০০	২০০,৭৭,৭৭.৯	-৫৬,৫৮,২২
নন-এডিপি প্রকল্প	৩২৭৮,৭১,৬৭	১০৫১,২২,১১	৩১৭৪,০০,০০	৩৪১৮,৩৫,৩৫	২৪৪,৩৫,৩৫
মোট উন্নয়ন	**৩৫০৯,৩২,২৭.৪**	**১০৫১,২২,১১**	**৩৪৩১,৩৬,০০**	**৩৬১৯,১৩,১২.৯**	**১৮৭,৭৭,১২.৯**
সর্বমোট=	**৩৫৯১,১৪,০০.৪**	**১০৭৮,২১,০৯**	**৩৫২১,০০,০০**	**৩৭২৫,৯৬,৪২.৯**	**২০৪,৯৬,৪২.৯**

৩. রাজস্ব প্রাপ্তি (এনটিআর): এ বিভাগের ২০২৫-২৬ অর্থবছরের প্রস্তাবিত সংশোধিত বাজেট নিম্নরূপভাবে বন্টন করা হয়েছে:

(অংকসমূহ হাজার টাকায়)

অর্থনৈতিক কোডভিত্তিক বিভাজন	প্রকৃত প্রাপ্তি		বাজেট ২০২৫-২৬	সংশোধিত প্রস্তাব ২০২৫-২৬	হ্রাস/বৃদ্ধি
	২০২৪-২৫	২০২৫-২৬ ১ম ৪ মাস			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬=৫-৪)
সচিবালয়					
১৪১১৩০৮- তথ্যে অভিগমন ফি	৩,৬৯	৭	৫০	৫০	০
১৪২২৩২৬- পরীক্ষা ফি	১৫,০০	০	১৫,৪৩	৫,০০	-১০,৪৩
১৪২৩২০৪- সরকারি যানবাহন ব্যবহার ফি	১,০০	৩৩	১,০৫	১,০৫	০
১৪২৩২২৬- ব্যবহৃত কাগজ ও স্টেশনারি বিক্রয়	৯	৯	১০	১০	০
১৪৪১২৯৯- অন্যান্য আদায়	৫,৩১,০৬	৫০	২৫	৫,০০	১০,৪৩
উপমোট সচিবালয়	**৫,৫০,৮৪**	**৯৯**	**১৭,৩৩**	**১১,৬৫**	**০**
বাংলাদেশ ব্যাংক				০	০
১৪১২২০১- আর্থিক প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত লভ্যাংশ (নগদ)	৩১৩,৭১,৩২	১৪৬১৯,৫৯,১০	৮৫০০,০০,০০	১৪৬১৯,৫৯,১০	৬১১৯,৫৯,১০
বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন					০
১৪৪১২৯৯- অন্যান্য আদায়	৩০,০০,০০	০	২৬,০০,০০	০	-২৬,০০,০০
মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি					০
১৪২৩২০৪- সরকারি যানবাহন ব্যবহার ফি	২,১০	৫৫	২,২০	২,২০	০
সোনালী ব্যাংক পিএলসি (সোনালী বাংলাদেশ, UK)	০	০	০	৩৩,১৮,০৯	৩৩,১৮,০৯
১৪১২২০১- আর্থিক প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত লভ্যাংশ (নগদ)					
বাংলাদেশ ডেভলপমেন্ট ব্যাংক পিএলসি				০	০
১৪১২২০১- আর্থিক প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত লভ্যাংশ (নগদ)	২,০৫,০০	০	২,১৯,৩৫	০	-২,১৯,৩৫
গ্রামীণ ব্যাংক					০
১৪১২২০১- আর্থিক প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত লভ্যাংশ (নগদ)	৭,৪৫,৩০	০	৮,৭০,০০	৮,৭০,০০	০
ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)				০	০
১৪১২২০১- আর্থিক প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত লভ্যাংশ (নগদ)	১১,৭১,০০	০	২৩,৪২,০০	০	-২৩,৪২,০০
জীবন বীমা কর্পোরেশন					০
১৪১২২০১- আর্থিক প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত লভ্যাংশ (নগদ)	৫,০০,০০	০	৫,৫০,০০	৫,৫০,০০	০
সাধারণ বীমা কর্পোরেশন					০
১৪১২২০১- আর্থিক প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত লভ্যাংশ (নগদ)	৫০,০০,০০	০	৫০,০০,০০	৫০,০০,০০	০
উত্তরা ব্যাংক পিএলসি					০
১৪১২২০১- আর্থিক প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত লভ্যাংশ (নগদ)	১২	৫	১২	১২	০

(অংকসমূহ হাজার টাকায়)

অর্থনৈতিক কোডভিত্তিক বিভাজন	প্রকৃত প্রাপ্তি		বাজেট ২০২৫-২৬	সংশোধিত প্রস্তাব ২০২৫-২৬	হ্রাস/বৃদ্ধি
	২০২৪-২৫	২০২৫-২৬ ১ম ৪ মাস			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬=৫-৪)
সাবিনকো					০
১৪১২২০১- আর্থিক প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত লভ্যাংশ (নগদ)	৭,৫০,০০	০	৭,৫০,০০	৭,৫০,০০	০
ইউবিকো					০
১৪১২২০১- আর্থিক প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত লভ্যাংশ (নগদ)	১,০০,০০	১,২০,০০	১,০০,০০	১,২০,০০	২০,০০
ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি					০
১৪১২২০১- আর্থিক প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত লভ্যাংশ (নগদ)	৫৭,০০	০	৬০,০০	০	-৬০,০০
উপমোট	**৪৩০,০১,৮৪**	**১৪৬২০,৭৯,৭০**	**৮৬২৪,৯৩,৬৭**	**১৪৭২৫,৬৯,৫১**	৬১০০,৭৫,৮৪
সর্বমোট রাজস্ব প্রাপ্তি লক্ষ্যমাত্রা	**৪৩৫,৫২,৯৪**	**১৪৬২০,৮০,৬৯**	**৮৬২৫,১১,০০**	**১৪৭২৫,৮১,১৬**	৬১০০,৭৫,৮৪

আলোচনা ও সিদ্ধান্ত:

- বাংলাদেশ ব্যাংক এর চলতি ২০২৫-২৬ অর্থবছরে মূল বরাদ্দ ৮৫০০ কোটি টাকা থাকলেও প্রতিষ্ঠানটি কর্তৃক চলতি অর্থবছরে লভ্যাংশ বাবদ ১৪৬১৯ কোটি ৫৯ লক্ষ ১০ হাজার টাকা ইতোমধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করেছে। এ প্রেক্ষিতে চলতি অর্থবছরে ১৪৬১৯ কোটি ৫৯ লক্ষ ১০ হাজার টাকা সংশোধিত বরাদ্দ রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।
- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি), ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি), বাংলাদেশ ডেভলপমেন্ট ব্যাংক পিএলসি, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি এর প্রতিনিধিগণ চলতি অর্থবছরে তাদের প্রতিষ্ঠানের লক্ষ্যমাত্রা মোতাবেক কোনো জমা প্রদান সম্ভব নয় বিধায় সংশোধিত বরাদ্দ ০(শূন্য) করার বিষয়ে প্রস্তাব দেন।
- ইউবিকো এর প্রতিনিধি চলতি অর্থবছরের তাদের প্রতিষ্ঠানের সংশোধিত লক্ষ্যমাত্রা মূল বরাদ্দ হতে ২০ লক্ষ বাড়িয়ে ১ কোটি ২০ লক্ষ টাকা করার প্রস্তাব করেন।
- এছাড়া সোনালী ব্যাংক পিএলসি (সোনালী বাংলাদেশ, UK) কর্তৃক চলতি অর্থবছরে লভ্যাংশ বাবদ ৩৩ কোটি ১৮ লক্ষ ৯ হাজার টাকা ইতোমধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। এ প্রেক্ষিতে চলতি অর্থবছরে তাদের বিপরীতে ৩৩ কোটি ১৮ লক্ষ ৯ হাজার টাকা সংশোধিত বরাদ্দ রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।
- সভায় ২০২৫-২৬ অর্থবছরে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ৮৬২৫ কোটি ১১ লক্ষ টাকা হতে ৬১০০ কোটি ৭৫ লক্ষ ৮৪ হাজার টাকা বৃদ্ধিপূর্বক সংশোধিত লক্ষ্যমাত্রা ১৪৭২৫ কোটি ৮১ লক্ষ ১৬ হাজার টাকা নির্ধারণ করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। পরিশেষে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহকে ২০২৫-২৬ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির সংশোধিত লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব জমা এবং সংশোধিত ব্যয়ের প্রাক্কলন অনুযায়ী শতভাগ ব্যয় নিশ্চিত করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। সংশোধিত বাজেটের তথ্যাদি আইবাস++ এ যথাযথভাবে এন্ট্রি সম্পন্ন করার জন্য এ বিভাগের বাজেট শাখা এবং সংশ্লিষ্ট সকলকে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

(নাজমা মোবারেক)
সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

নম্বর ৫৩.০০.০০০০.০০০.২১২.০৬.০০০১.২৪-**১২০** তারিখ: ২৪ কার্তিক ১৪৩২ / ৯ নভেম্বর ২০২৫

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (দৃ.আ. প্রকল্প ও এনটিআর সশ্লিষ্ট কর্মকর্তাগণ);
২. চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, প্রধান কার্যালয়, ঢাকা (দৃ.আ. প্রকল্প ও এনটিআর সশ্লিষ্ট কর্মকর্তা);
৩. চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (দৃ.আ. এনটিআর সশ্লিষ্ট কর্মকর্তা);
৪. এক্সিকিউটিভ ভাইস-চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, প্রধান কার্যালয়, ঢাকা (দৃ.আ. এনটিআর সশ্লিষ্ট কর্মকর্তা);
৫. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন, প্রধান কার্যালয়, ঢাকা (দৃ.আ. বাজেট সশ্লিষ্ট কর্মকর্তাগণ);
৬. ব্যবস্থাপনা পরিচালক, সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন, প্রধান কার্যালয়, ঢাকা (দৃ.আ. বাজেট সশ্লিষ্ট কর্মকর্তা);
৭. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মিউনিসিপল ডেভেলপমেন্ট ফান্ড, প্রধান কার্যালয়, ঢাকা (দৃ.আ. বাজেট সশ্লিষ্ট কর্মকর্তা);
৮. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা (দৃ.আ. প্রকল্প সশ্লিষ্ট কর্মকর্তা);
৯. পরিচালক, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি, প্রধান কার্যালয়, ঢাকা (দৃ.আ. বাজেট সশ্লিষ্ট কর্মকর্তা);
১০. নির্বাহী প্রেসিডেন্ট, বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট, প্রধান কার্যালয়, ঢাকা (দৃ.আ. বাজেট সশ্লিষ্ট কর্মকর্তা);
১১. ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা (দৃ.আ. এনটিআর সশ্লিষ্ট কর্মকর্তা);
১২. ব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা (দৃ.আ. এনটিআর সশ্লিষ্ট কর্মকর্তা);
১৩. ব্যবস্থাপনা পরিচালক, অগ্রণী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা (দৃ.আ. এনটিআর সশ্লিষ্ট কর্মকর্তা);
১৪. ব্যবস্থাপনা পরিচালক, রূপালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা (দৃ.আ. এনটিআর সশ্লিষ্ট কর্মকর্তা);
১৫. ব্যবস্থাপনা পরিচালক, বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা (দৃ.আ. এনটিআর সশ্লিষ্ট কর্মকর্তা);
১৬. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা (দৃ.আ. এনটিআর সশ্লিষ্ট কর্মকর্তা);
১৭. ব্যবস্থাপনা পরিচালক, সাধারন বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা (দৃ.আ. এনটিআর সশ্লিষ্ট কর্মকর্তা);
১৮. ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা (দৃ.আ. এনটিআর সশ্লিষ্ট কর্মকর্তা);
১৯. ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, প্রধান কার্যালয়, ঢাকা (দৃ.আ. এনটিআর সশ্লিষ্ট কর্মকর্তা);
২০. ব্যবস্থাপনা পরিচালক, আইএফআইসি ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা (দৃ.আ. এনটিআর সশ্লিষ্ট কর্মকর্তা);
২১. ব্যবস্থাপনা পরিচালক, গ্রামীণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (দৃ.আ. এনটিআর সশ্লিষ্ট কর্মকর্তা);
২২. ব্যবস্থাপনা পরিচালক, উত্তরা ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা (দৃ.আ. এনটিআর সশ্লিষ্ট কর্মকর্তা);
২৩. ব্যবস্থাপনা পরিচালক, সাবিনকো, প্রধান কার্যালয়, ঢাকা (দৃ.আ. এনটিআর সশ্লিষ্ট কর্মকর্তা);
২৪. ব্যবস্থাপনা পরিচালক, ইউবিকো, প্রধান কার্যালয়, ঢাকা (দৃ.আ. এনটিআর সশ্লিষ্ট কর্মকর্তা);
২৫. ব্যবস্থাপনা পরিচালক, এবি ব্যাংক লি., প্রধান কার্যালয়, ঢাকা (দৃ.আ. এনটিআর সশ্লিষ্ট কর্মকর্তা);
২৬. ব্যবস্থাপনা পরিচালক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা (দৃ.আ. এনটিআর সশ্লিষ্ট কর্মকর্তা);
২৭. যুগ্মসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ;
২৮. উপসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ;
২৯. উপ-সচিব, বাজেট-১ শাখা, অর্থ বিভাগ;
৩০. উপপ্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ (পামস্টেকউইং), পরিকল্পনা কমিশন, আগারগাঁও, ঢাকা;
৩১. পরিচালক (প্রতিনিধি), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ;
৩২. উপসচিব (প্রতিনিধি), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ;
৩৩. উপসচিব (প্রতিনিধি), সাধারণ অর্থনীতি বিভাগ;
৩৪. সিনিয়র সহকারী সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ;
৩৫. সিনিয়র সহকারী সচিব, এনটিআর-২ শাখা, অর্থ বিভাগ;
৩৬. সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩৭. চীফ একাউন্টস এন্ড ফাইনান্স অফিসার, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা;
৩৮. হিসাবরক্ষণ কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়;
৩৯. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৯/১১/২০২৫

(মো: মামুনুর রশীদ)
উপসচিব